

সরকার মেডিকেল বিশ্ববিদ্যালয়সহ  
সকল প্রতিষ্ঠানে অবৈধভাবে জোট  
সমর্থকদের নিয়োগ দিচ্ছে

-আবদুল জলিল

স্টাফ রিপোর্টার : বাংলাদেশ আওয়ামী  
লীগের সাধারণ সম্পাদক মোঃ আবদুল  
জলিল এমপি গতকাল এক বিবৃতিতে কোন  
প্রকার নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশ না করে  
নিয়মতাহিনী ইন্টারভিউ না নিয়ে বঙ্গবন্ধু  
শেখ মুজিব মেডিকেল বিশ্ববিদ্যালয়ে ৬৫  
জন ডাক্তার নিয়োগ প্রবন্ধীত্র নিন্দা প্রকাশ  
১-এর পৃঃ ৬-এর কঃ দেখুন

আবদুল জলিল.

প্রথম পৃষ্ঠার পর

তরেছেন।

বিবৃতিতে জনাব জলিল বলেন, সরকারী  
স্বায়ত্তশাসিত, আধা-সরকারী, সেটর  
কর্পোরেশন সর্বত্রই চাকরিতে নিয়োগের  
একটি বিধান আছে। কিন্তু বর্তমান সরকার  
কোন ক্ষেত্রেই কোন প্রকার নিয়ম-নীতির  
তোয়াকা করছেন না। তারা মেডিকেল  
বিশ্ববিদ্যালয়সহ সরকারী ও স্বায়ত্তশাসিত  
সকল প্রতিষ্ঠানে নিয়ম-নীতি পদদলিত করে  
অবৈধভাবে জোট সমর্থকদের নিয়োগ দিয়ে  
সমগ্র প্রশাসনে চরম বিশৃঙ্খল পরিস্থিতির  
সৃষ্টি করছেন এবং দণ্ডীয়করণের এক নিকট  
দৃষ্টান্ত স্থাপন করছেন।  
তিনি অবিলম্বে অবৈধভাবে প্রদত্ত সকল  
নিয়োগ বাতিলের দাবী করেন এবং  
ভবিষ্যতে সকল নিয়োগের ক্ষেত্রে বিধি-  
বিধান মেনে চলার আহ্বান জানান।